



ক্ষুদ্র কৃষি ও কৃষক কৃষানী সহায়তা ফাউন্ডেশন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান



কৃষক গ্রুপ নীতিমালা-২০২৩

প্রধান কার্যালয়
ধানমন্ডি, ঢাকা, বাংলাদেশ।
www.skfbdf.com

ফাউন্ডেশনের কৃষক গ্রুপ নীতিমালা-২০২৩

প্রথম অধ্যায়

“ ক্ষুদ্র কৃষি ও কৃষক কৃষানী সহায়তা ফাউন্ডেশন” এর পরিচালনা পর্ষদ (বিওজি)-এর ২৪ এপ্রিল, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় ফাউন্ডেশনের কৃষক গ্রুপ নীতিমালা-২০২৩ অনুমোদিত হয়েছে।

সূচনা

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ: (১) এই প্রবিধানমালা “ ক্ষুদ্র কৃষি ও কৃষক কৃষানী সহায়তা ফাউন্ডেশন” কৃষক গ্রুপ নীতিমালা-২০২৩ নামে অভিহিত হইবে।

কৃষক গ্রুপ নীতিমালা-২০২৩ কৃষি প্রযুক্তি বিস্তারের একটি অন্যতম মাধ্যম। কৃষক গ্রুপ সকল ধরনের কার্যক্রম যেমন: কৃষক প্রশিক্ষণ, কৃষি কাজে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার কৃষক কৃষানী নির্বাচনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

কৃষি গ্রুপ গঠনের জন্য আগ্রহী ও সক্রিয় কৃষকদের নির্বাচন করতে হবে, যাদের মধ্যে সুসম্পর্ক বিদ্যমান এবং যারা প্রযুক্তি গ্রহণ ও সম্প্রসারণে আগ্রহী। সদস্যদের একই উদ্দেশ্য সাধনে কাজ করতে হবে এবং তারা কৃষক মাঠ স্কুলের নিয়মাবলী অনুসরণ করতে ইচ্ছুক হতে হবে। কৃষি উদ্যোক্তাদের এই গ্রুপে অগ্রাধিকার দেওয়া হয় এবং সদস্যদের মধ্যে একে অপরের প্রতি পারস্পরিক সহযোগিতা বিদ্যমান থাকা আবশ্যিক।

কৃষি গ্রুপ গঠনের ধাপ ও নিয়মাবলী

সদস্য নির্বাচন: দলীয়ভাবে কাজ করতে আগ্রহী প্রকৃত কৃষক -কৃষানীদের নির্বাচন করতে হবে। কৃষি কাজে বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণে সক্রিয় এবং সামাজিকভাবে গ্রহণযোগ্য কৃষকদের অগ্রাধিকার দিতে হবে। কৃষি উদ্যোক্তাদের সদস্যদের মধ্যে অগ্রাধিকার দেওয়া হবে।

সদস্যদের মধ্যে সম্পর্ক: সকল সদস্যের মধ্যে সুসম্পর্ক থাকা আবশ্যিক। সদস্যদের একে অপরের প্রতি সহযোগিতামূলক মনোভাব থাকতে হবে।

উদ্দেশ্য ও নীতিমালার প্রতি আনুগত্য : গ্রুপের সকল সদস্য একই উদ্দেশ্য সাধনে কাজ করবে। তারা প্রযুক্তি গ্রহণ ও বিস্তারে ইচ্ছুক হবে। কৃষক মাঠ স্কুলের নিয়ম নীতি অনুসরণ করতে আগ্রহী হতে হবে।

প্রগতিশীল কৃষক নির্বাচন: স্থানীয় ইউনিয়ন কমিটি কর্তৃক প্রগতিশীল কৃষকদের উপযুক্ততা যাচাই করা হবে।

স্থান নির্বাচন: দেশের প্রতিটি উপজেলার প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে।

কৃষক নির্বাচন:

১. প্রতিটি কৃষক গ্রুপে ৩০ জন কৃষক কৃষানী থাকবে।
২. ৩০ জন সদস্যের মধ্যে ৮০ % মহিলা ও ২০ % পুরুষ কৃষক কৃষানী থাকবে।
৩. ক্ষুদ্র কৃষক ৮০ % এবং মাঝারী কৃষক ২০ % থাকতে হবে।
৪. প্রতি পরিবার হতে ০১ জন করে সদস্য নিয়ে প্রতিটি গ্রামে একটি করে কৃষক গ্রুপ গঠন হবে।
৫. কৃষি উদ্যোক্তা তৈরির জন্য গ্রুপের নারী সদস্যদের সর্বনিম্ন এসএসসি শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ৬০ % এবং অষ্টম শ্রেণী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ২০ সদস্য থাকতে হবে।
৬. কৃষি উদ্যোক্তা তৈরির জন্য গ্রুপের পুরুষ সদস্যদের সর্বনিম্ন এসএসসি শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন সদস্য থাকতে হবে।

৭. সদস্যদের বয়স ২০ থেকে ৫০ বছরের মধ্যে থাকতে হবে।
৮. কোন অবস্থায় ছাত্র/ছাত্রীদের অন্তর্ভুক্ত করা যাবে না।
৯. দলীয়ভাবে কাজ করতে আগ্রহী কৃষক কৃষাণী নির্বাচন করতে হবে।
১০. নিজেদের মধ্যে সুসম্পর্ক থাকতে হবে।
১১. সকল সদস্য ফাউন্ডেশনের কর্মকর্তাগণের পরামর্শ অনুযায়ী কাজ করতে হবে।
১২. কৃষি গ্রুপের নিয়ম নীতি অনুসরণ করতে আগ্রহী হতে হবে।
১৩. কৃষক নির্বাচনের সময় কৃষি উদ্যোক্তাদের আগ্রাধিকার দেওয়া হবে।

উপদেষ্টা পরিষদ :

প্রতিটি গ্রুপে ০৫ (পাঁচ) জন সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ থাকবে।

- | | |
|---|--------|
| ১. প্রধান উপদেষ্টা ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক- | ০১ জন। |
| ২. সংশ্লিষ্ট মাঠ কর্মকর্তা- | ০১ জন। |
| ৩. কার্যনির্বাহী কমিটির সাধারণ সদস্য | ০১ জন। |
| ৪. গ্রুপের সদস্য হতে | ০২ জন। |

কৃষি গ্রুপ এর কার্যনির্বাহী কমিটি:

প্রতিটি গ্রুপে ০৯ (নয়) জন সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি থাকবে।

- | | |
|----------------------|--------|
| ১. চেয়ারম্যান | ০১ জন। |
| ২. ভাইস- চেয়ারম্যান | ০১ জন। |
| ৩. সাধারণ সম্পাদক | ০১ জন। |
| ৪. ক্যাশিয়ার | ০১ জন। |
| ৫. কার্যকারী সদস্য | ০৫ জন। |

কৃষি গ্রুপের কার্যক্রম :

১. সকল সদস্যকে গ্রুপের প্রতি সংবেদনশীলতা
২. নিয়মিত মাসিক সভা
৩. মাসিক সঞ্চয়
৪. ব্যাংক হিসাব পরিচালনা
৫. আয়বর্ধক কাজে বিনিয়োগ করা
৬. কৃষি কাজে আধুনিক প্রযুক্তি গ্রহণ করা
৭. বাজার ব্যবস্থাপনার উন্নয়নে সহযোগিতা করা
৮. কৃষকের উৎপাদিত পণ্যের বানিজ্যিকীকরণ
৯. কর্মসংস্থান তৈরি করা



তপন কুমার রায়
ব্যবস্থাপনা পরিচালক
md.sksfgov@gmail.com

